

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা


স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৬.০২.০০৯.২০-৮২

তারিখ: ১০-০৮-২০২০ খ্রি:

বিষয়: নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নৈতিকতা কমিটির ১ম ভার্চুয়াল সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


১০/৮/২০২০
(ফারুক আহাম্মদ খান)
সহকারী সচিব
ফোন: ৯৫৪৬০৪৮
healthad3@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা;
০২. মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা;
০৩. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
০৫. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০৬. উপসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০৭. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৫৯.০০.০০০০.১০৬.০২.০০৯.২০-

তারিখ: ২৯/০৭/২০২০ খ্রি:।

নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী


সভাপতি: মো: আলী নূর
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান: ভারুয়াল সভা (জুম অ্যাপস)
তারিখ: ২৮-০৭-২০২০ খ্রি:
সময়: দুপুর ০২.৩০ টা

সভাপতি জুম অ্যাপসে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং যুগ্মসচিব (প্রশাসন) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের আহ্বান জানান। যুগ্মসচিব (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ১৩টি বিষয়ে Indicator সহ সভায় উপস্থাপন করেন। সভায় অংশগ্রহণকারী সদস্যগণ নিম্নবর্ণিত বিষয়সমূহে বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর
১	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজনসহ গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজনসহ গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	প্রশাসন-৩/ সিস্টেম এনালিস্ট
২	দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	অংশীজনদের নিয়ে সভাসহ সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। সে প্রেক্ষিতে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, ইতোমধ্যে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় কর্মকর্তা ও কর্মচারীদের চাকরি বিধিমালাসহ অন্যান্য প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত সকল সভা ও প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন-২/৩
৩	শুদ্ধাচার প্রতিষ্ঠায় আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি	যুগ্মসচিব (প্রশাসন) জানান, এ ক্ষেত্রে ৩টি আইন প্রণয়নের টার্গেট রাখা হয়েছে। উক্ত আইনসমূহের সর্বশেষ অগ্রগতি জানানোর জন্য সভাপতি সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব (চিপি)-কে আহ্বান জানান। সে প্রেক্ষিতে তিনি বলেন, <ul style="list-style-type: none"> বাংলাদেশ মেডিকেল এ্যাক্রেডিটেশন আইনটি জবপ্রশাসন মন্ত্রণালয়ের বাবাকোতে প্রেরণ করা হয়েছে। বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ স্থাপন ও পরিচালনা আইন সম্পর্কে সভাপতি বিস্তারিত আলোচনা করেন এবং জানান যে, স্টেকহোল্ডারদের সাথে ঈদ পরবর্তী এদিনের মধ্যে সভা করে আগামী কেবিনেট সভায় যাতে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা যায় সে ব্যবস্থা করতে হবে। বাংলাদেশ প্যারামেডিকেল শিক্ষা বোর্ড আইন প্রণয়ন সংক্রান্ত বিষয়ে সভাপতি জানান যে, আইনটির বিষয়ে জবপ্রশাসন মন্ত্রণালয় থেকে সিদ্ধান্ত পাওয়া গেছে। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সকল প্রকার স্বাস্থ্য বিষয়ক কোর্স পরিচালনা বন্ধ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। 	শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত আইনসমূহ চূড়ান্তকরণের জন্য দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে।	চিকিৎসা শিক্ষা অনুবিভাগ
৪	ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, ওয়েবসাইটের পাশাপাশি এ বিভাগে এনালগ অভিযোগ সেবাবক্স স্থাপন করা হলেও এ পর্যন্ত বক্সে কোন অভিযোগ পাওয়া যায়নি।	যথাসময়ে এ বিভাগের ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণের পাশাপাশি এ বিভাগের এনালগ অভিযোগবক্স নিয়মিত খোলা এবং অভিযোগ পাওয়া গেলে তা প্রতিকারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন)/ সকল অধিদপ্তরসমূহ
৫	সুশাসন প্রতিষ্ঠা	সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে সভাপতি বলেন যে, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে সর্বত্র সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে যেতে হবে। বড়দের শ্রদ্ধা করা, ছোটদের স্নেহ করা, কর্মকর্তাদের মধ্যে ইন্টারনাল রিলেশনশীপ বাড়ানো, প্রতিদিনের	আগামী সভায় উত্তম চর্চার তালিকা উপস্থাপন করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ সকল অধিদপ্তর

		কাজ প্রতিদিন করা, সময়মত অফিস করা ও সময়মত অফিস ত্যাগ করা ইত্যাদি বিষয়গুলোর চর্চা অব্যাহত রাখতে হবে।		
	প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার	প্রকল্পের ক্রয় পরিকল্পনা, পরিদর্শন এবং সুপারিশ যথাসময়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন।	সকল স্টেকহোল্ডারদের প্রকল্পের ক্রয় পরিকল্পনা, পরিদর্শন এবং সুপারিশ যথাসময়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রশাসন/ উন্নয়ন অনুবিভাগ
৭	ক্রয় ক্ষেত্রে শুদ্ধাচার	পিপিএ ও পিপিআর অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাসময়ে প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়।	আগস্ট ২০২০ এর মধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়ন সম্পন্ন করতে হবে।	প্রশাসন/ উন্নয়ন অনুবিভাগ
৮	স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ	সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের দায়িত্বরত কর্মকর্তা ও কর্মচারীদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার আহ্বান জানান।	এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের দায়িত্বরত কর্মকর্তা ও কর্মচারীদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।	সকল অনুবিভাগ/ অধিদপ্তর
৯	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম	এ বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, আলোচ্য বিষয়ে ৫টি Indicator নির্ধারণ করা হয়েছে, তবে মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী চিকিৎসা সংক্রান্ত গবেষণার সুযোগ সম্প্রসারণ ও গবেষকদের পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে সবার মতামত আহ্বান করেন। এ প্রসঙ্গে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জানান যে, মেডিকেল কলেজের যে সকল অধ্যাপক, ডাক্তার চিকিৎসা ক্ষেত্রে নিবেদিত প্রাণ এবং দক্ষতা ও আন্তরিকতার সহিত রোগীদের সেবা প্রদান করে থাকে সে সকল ব্যক্তিদের সম্মাননা পদক/পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এ ছাড়াও সর্বজন শ্রেণীর ব্যক্তিদের দ্বারা ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।	স্বনামধন্য ও সর্বজন শ্রেণীর ব্যক্তিদের দ্বারা ব্যাপকহারে প্রয়োজনে বিভাগীয় পর্যায়েও Motivational ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করতে হবে। এছাড়াও উত্তম কাজের স্বীকৃতিস্বরূপ পুরস্কার এবং মন্দ কাজের জন্য তিরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ সকল অধিদপ্তর
১০	কর্মপরিবেশ উন্নয়ন	এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, প্রতিটি অফিসের কর্মপরিবেশ সুন্দর হওয়া জরুরি এতে কাজের গতি বৃদ্ধি পায়। এ বিভাগের করিডোরে রক্ষিত মালামালগুলি অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ প্রসঙ্গে অতিরিক্ত মহাপরিচালক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বলেন যে, সকল মেডিকেল কলেজের মেশিনারিজের সঠিক ব্যবহার ও মেইনটেনেন্স এর ব্যবস্থা করা এবং অকেজোগুলির অপসারণের ব্যবস্থা করা প্রয়োজন।	অফিসের কর্মপরিবেশ সুন্দর ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন-২/ সকল অধিদপ্তর প্রধান
১১	অর্থ বরাদ্দ	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নতুন শুদ্ধাচার কোডে পুরস্কার প্রদানের জন্য অর্থ বরাদ্দ রাখার বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন-৩/ বাজেট শাখা

০২। বিস্তারিত আলোচনার পর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ চূড়ান্ত অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: আলী নূর)

সচিব

ও

সভাপতি, নৈতিকতা কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ